দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1993
পৃষ্ঠা ১২ কলাম ৪

# সরকার শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে দৃঢ়প্রতিজ্ঞ

..................................... স্বরাষ্ট্রমন্ত্রী

বাসস ।। স্বরাষ্ট্রমন্ত্রী আব্দুল মতিন চৌধুরী বলিয়াছেন, সরকার শিক্ষাঙ্গনে শৃঙ্খলা ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে দৃঢ় প্রতিজ্ঞ। এই ক্ষেত্রে তিনি ছাত্র-শিক্ষক ও অভিভাবকদের ভূমিকার উপর গুরুত্ব আরোপ করেন। শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় ভিকারুন্নেসা স্কুল ও কলেজের পুরস্কার বিতরণীতে বক্তৃতা করিতেছিলেন। মন্ত্রী বলেন, দেশে জনসংখ্যা বিস্ফোরণ, বেকারত্ব, দারিদ্র্য ও পরিবেশ দূষণের মত বিবিধ সমস্যা মোকাবেলায় শিক্ষিত জনশক্তি প্রয়োজন। সরকার শিক্ষা ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়াছেন এবং সর্বোচ্চ বাজেট বরাদ্দ করিয়াছেন। সরকার আগামী তিন বছরে দেশে নয় হাজার প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করিবে। দেশে চোরাচালান নিরুৎসাহিত করার স্বার্থে স্বরাষ্ট্রমন্ত্রী নিষিদ্ধ পণ্য বিশেষতঃ চোরাচালানের কাপড়-চোপড় ক্রয় না করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে সভানেতৃত্ব করেন ভিকারুন্নেসা স্কুল ও কলেজ অধ্যক্ষা হামিদা আলী। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বস্ত্রপ্রতিমন্ত্রী এম এ মান্নান। মন্ত্রী স্কুল ও কলেজের মেধাবী ছাত্রী এবং সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।